**BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION**
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং-এসইসি/এনফোর্সমেন্ট/১১৪৩/২০১৩/৬০৭ তারিখঃ ০৫ নভেম্বর ২০১৩ ইং

হিলসিটি সিকিউরিটিজ লিমিটেড
৩০১ মানরু শপিং সিটি
চৌহাট্টা, সিলেট-৩১০০

**বিষয়:** আদেশ।

কমিশনের ০৫ নভেম্বর ২০১৩ ইং তারিখের আদেশ নং-এসইসি/এনফোর্সমেন্ট/১১৪৩/২০১৩/৬০৮ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্সংগে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোহাম্মদ হোসেন খান
উপ-পরিচালক

**বিতরনঃ**

প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড

**অবগতির জন্য অনুলিপি:**

১। নির্বাহী পরিচালক, আইন, বিএসইসি
২। নির্বাহী পরিচালক, সার্ভেইল্যান্স, বিএসইসি
৩। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি
৪। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি

BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

নং-এসইসি/এনফোর্সমেন্ট/১১৪৩/২০১৩/৮৩৮ তারিখঃ ০৫ নভেম্বর ২০১৩ ইং

আদেশ

যেহেতু, কমিশন, Hillcity Securities Limited (সিএসই সদস্য নং-০৩৭) কে তার আবেদনক্রমে, নির্ধারিত শর্তাধীনে সিকিউরিটিজ ক্রয় বিক্রয় কর্মকান্ড পরিচালনা করার জন্য সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অত:পর 'কমিশন' বলে উল্লিখিত) সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ১০(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৫(৫) সহ পঠিত স্টকব্রোকার/ডিলার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রদান করেছে;

যেহেতু, কমিশনের "Instant Watch Market Surveillance System" এ Hillcity Securities Limited কর্তৃক গত ১৫/০৫/২০১৩ তারিখে First Security Islami Bank Limited এর ৫০০০ এর শেয়ার লেনদেনে Short Sale Alert পরিলক্ষিত হয় । পরবর্তীতে উক্ত বিষয়ে সার্ভেইল্যান্স বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী findings and contraventions নিম্নরূপ:

"Hillcity Securities Limited (CSE Member#37) allowed short selling of 5000 shares of First Security Islami Bank Limited in the account of its' client Mr. A. S. Daiyan Ahmed (client code # 91045) as on 15.5.2013, details of which are given below:

| Name of Client | Client Code | Date of Sale | Sold Qty. | Available Holding | Short sale Quantity |
|---|---|---|---|---|---|
| A.S. Daiyan Ahmed | 91045 | 15/05/2013 | 5000 | 0 | 5000 |
| **Total** | | | 5000 | 0 | 5000 |

It has also found that the above client bought 10,000 shares of First Security Islami Bank Limited as on 14.5.2013 and sold 5,000 shares of the same instrument on the next trading day (15.5.2013). That means the client did not have any shares of First Security Islami Bank Limited when he sold 5,000 shares from his account.

It appeared from the record that Hillcity Securities Limited (CSE Member#37) has violated regulation 4(1) of the Chittagong Stock Exchange (Short-Sale) Regulations, 2005 and বিধি ১১ of সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, ষ্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০."

যেহেতু, কমিশন উপরোল্লিখিত প্রতিবেদন অনুযায়ী সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য Hillcity Securities Limited এর বরাবরে একটি show-cause-cum-hearing notice সূত্র নং- SEC/Enforcement/1143/2013/459 তারিখ ২১ জুলাই ২০১৩ ইং প্রেরণ করে এবং ০৫ আগস্ট ২০১৩ ইং তারিখে শুনানীর দিন ধার্য্য করে এবং ধার্য্যকৃত তারিখে Hillcity Securities Limited এর প্রতিনিধি উপস্থিত হয়ে ০৫ আগস্ট ২০১৩ ইং তারিখের পত্রের মাধ্যমে লিখিত বক্তব্য দাখিল করেন। যাতে অন্যান্যের মধ্যে, নিম্নোক্ত বিষয়গুলির উল্লেখ আছে:-

"-----গত ১৫/০৫/২০১৩ ইং তারিখে আমার একজন অপারেটরের ভূলের কারণে ৯১০৪৫ কোডে First Securities Islami Bank এর 500 টি শেয়ার Buy এর পরিবর্তে Sale হয়ে যায়। এখানে উল্লেখ্য যে উক্ত তারিখে আমাদের Back Office Software Immatured File কে mature ধরায় উক্ত ভূলটি সংগঠিত হয়েছিল ।"

যেহেতু, Hillcity Securities Limited এর লিখিত বক্তব্য থেকে সুস্পষ্ট প্রতীয়মান হয় যে, শুনানীর নোটিশের অভিযোগসমূহ Hillcity Securities Limited স্বীকার করেছে যা সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতা বিধায় section 22 of the Securities and Exchange Ordinance, 1969 অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ এবং যা ক্ষমার অযোগ্য;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য-

BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION
JIBON BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH



নং-এসইসি/এনফোর্সমেন্ট/১১৪৩/২০১৩/৬০৮ তারিখঃ ০৫ নভেম্বর ২০১৩ ইং

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন পরিপালনে উল্লিখিত ব্যর্থতার জন্য, তথা পুঁজিবাজারের উন্নয়নের পাশাপাশি বাজারের শৃংখলা ও স্বচ্ছতা রক্ষার স্বার্থে উক্ত ব্রোকার/ডিলার কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন, উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এ প্রদত্ত ক্ষমতাবলে Hillcity Securities Limited এর উপর ১ (এক) লক্ষ টাকা জরিমানা ধার্য্য করল যা অত্র আদেশের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে 'সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে কমিশনে জমা করতে হবে।

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

অধ্যাপক ডঃ এম খায়রুল হোসেন
চেয়ারম্যান

বিতরনঃ
হিলসিটি সিকিউরিটিজ লিমিটেড
৩০১ মানরু শপিং সিটি
চৌহাট্টা, সিলেট-৩১০০

Phone (PABX) : +880-2-9568101-2, +880-2-9561525, Fax : +880-2-9563721, e-mail : secbd@bdmail.net, Web : www.secbd.org, www.sec.gov.bd